**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
জেলা কমান্ড্যান্টের কার্যালয়, ঠাকুরগাঁও।
www.ansarvdp.thakurgaon.gov.bd

স্মারক নং-৪৪.০৩.৫৫৯৪.০০২.০১.০০১.২৩- ২০৫৩

তারিখঃ ১২ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ।
২৬ জুন ২০২৩ খ্রিস্টাব্দ।

## "অফিস আদেশ"

বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা'র স্মারক নং-আনসার-ভিডিপি/ইউঃদঃনেঃ/নীতিঃ/অপাঃ/৪৫, তারিখঃ ২২/০১/২০১২ খ্রিঃ মূলে মহাপরিচালক মহোদয়ের প্রদত্ত ক্ষমতাবলে পরিচালক, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী রংপুর রেঞ্জ, রংপুর স্মারক নং-৪৪.০৩.৫০৮৫.০০১.১৩.০১০.২৩- ১৮৩০ ও ১৮৪৩, তাং- ২৯/০৫/২০২৩ খ্রিঃ মূলে অনুমোদনক্রমে ঠাকুরগাঁও জেলার সদর ও পীরগঞ্জ উপজেলায় শূন্য পদের বিপরীতে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে ক্রোড়পত্র "ক" মূলে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে যথাক্রমে ০১ (এক) জন ইউনিয়ন দলনেতা এবং ০১ (এক) জন পৌরসভা ওয়ার্ড দলনেতা'কে নিয়োগ প্রদান করা হলো।

ক্রোড়পত্র "ক"

| ক্রম | পদবী | নাম ও পিতার নাম | গ্রাম ও ডাকঘর | পৌরসভা/ইউনিয়ন | উপজেলা ও জেলা | জন্ম তারিখ | শিক্ষাগত যোগ্যতা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ০১ | ইউনিয়ন দলনেতা | রতন চন্দ্র বর্মন<br>হরিপদ বর্মন | চামেশ্বরী<br>চৌধুরীহাট | ২২নং সেনুয়া<br>ইউনিয়ন পরিষদ | সদর<br>ঠাকুরগাঁও | ১৩/০৭/১৯৯৭ খ্রিঃ | এসএসসি<br>(ভোকেশনাল) | |
| ০২ | ওয়ার্ড দলনেতা | মোঃ আব্দুল কুদ্দুস<br>কালুয়া মোহাম্মদ | গুয়াগাঁও<br>পীরগঞ্জ | পৌরসভা<br>০৭নং ওয়ার্ড | পীরগঞ্জ<br>ঠাকুরগাঁও | ০২/০১/১৯৯৬ খ্রিঃ | এইচএসসি | |

**শর্তাবলীঃ-**

১। আগামী ০১/০৭/২০২৩ খ্রিঃ তারিখ হতে এ নিয়োগাদেশ কার্যকর হবে।
২। এ নিয়োগাদেশ সম্পূর্ণ অস্থায়ী এবং ০৫ (পাঁচ) বছর পর্যন্ত বলবৎ থাকবে। তবে সন্তোষজনক কাজের মানের ভিত্তিতে সময় বৃদ্ধি করা যেতে পারে।
৩। বাহিনীর নির্ধারিত সকল প্রকার প্রশিক্ষণে বাধ্যতামূলক অংশগ্রহণ করতে হবে।
৪। নিয়োগকৃত সদস্য/সদস্যা সরকার কর্তৃক প্রদেয় নির্ধারিত মাসিক সম্মানী ভাতা প্রাপ্য হবেন।
৫। মাসিক সভায় শতভাগ উপস্থিতি নিশ্চিত করতে হবে এবং সংগঠনের বিভিন্ন উন্নয়নমূলক কর্মকান্ডে সক্রিয় অংশগ্রহণসহ সদর দপ্তরের নির্দেশিত সকল দায়িত্বাবলী সঠিকভাবে পালন করতে হবে।
৬। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তার দপ্তরে উপস্থিত হয়ে উন্নয়নমূলক কর্মকান্ডের প্রতিবেদন প্রত্যেক মাসের ১৫ ও ৩০ তারিখে দাখিল করতে হবে।
৭। নিয়োগকৃত দলনেতা/দলনেত্রী'কে বিনামূল্যে ০১ (এক) সেট সরকারী ইউনিফর্ম, সেবা বই এবং পরিচয়পত্র প্রদান করা হবে।
৮। ভান্ডারে মজুদ সাপেক্ষে সরকারী কাজে ব্যবহারের জন্য একটি বাই-সাইকেল সরবরাহ করা হবে।
৯। স্বপদে নিয়োগকৃত কর্মস্থলে যোগদানপূর্বক যোগদান পত্রের অনুলিপি অত্র দপ্তরে প্রেরণ করবেন।
১০। প্রশিক্ষণ নির্দেশিকা এবং আনসার-ভিডিপি/ইউঃদঃনেঃ/নীতিঃ/অপাঃ/৪৫, তারিখঃ ২২/০১/২০১২ খ্রিঃ মোতাবেক প্রশিক্ষণের মূল্যায়ন তালিকা অনুযায়ী নিয়োগ প্রদানের শর্তানুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হলে কোন আদালতে মামলা করা যাবে না।
১১। নিয়োগপ্রাপ্ত ইউনিয়ন/ওয়ার্ড দলনেতা/দলনেত্রী ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত পাসপোর্ট সাইজ ছবি ৩ কপি, সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র, জাতীয় পরিচয়পত্র, প্রশিক্ষণ সনদপত্র, শিক্ষাগত যোগ্যতার সনদপত্র এবং সংশ্লিষ্ট ইউএভিডিও কর্তৃক স্বাক্ষরিত শপথনামা'র ফটোকপি নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে সংরক্ষণের নিমিত্তে জমা করবেন।
১২। শৃঙ্খলা বহির্ভূত আচরণ বা কার্যকলাপের জন্য যে কোন সময় তাৎক্ষণিকভাবে অব্যাহতি দেয়া হবে।

26.6.23

মোঃ মিনহাজ আরেফিন
বিএভি- ১২০১৮৭
জেলা কমান্ড্যান্ট
আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, ঠাকুরগাঁও।
ফোন: ০২৫৮৯৯৩১৪৪২
dcthakurgaon@ansarvdp.gov.bd

স্মারক নং-৪৪.০৩.৫৫৯৪.০০২.০১.০০১.২৩- ২০৫৩

তারিখঃ ১২ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ।
২৬ জুন ২০২৩ খ্রিস্টাব্দ।

**অনুলিপিঃ**- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

১। প্রশিক্ষণ (ভিডিপি)/অপারেশন শাখা
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। — সদয় অবগতির জন্য।
২। পরিচালক, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
রংপুর রেঞ্জ, রংপুর। — ঐ
৩। জেলা প্রশাসক/পুলিশ সুপার, ঠাকুরগাঁও। — ঐ
৪। জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, ঠাকুরগাঁও। — অবগতি ও কার্যক্রমের জন্য।
৫। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা (সংশ্লিষ্ট), ঠাকুরগাঁও। — ঐ
৬। জনাব .................................................
................................................., ঠাকুরগাঁও। — ঐ
৭। দপ্তর নথি।

26.6.23

জেলা কমান্ড্যান্ট
আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, ঠাকুরগাঁও।

D:\Union Ledar\Appoinment Union and Word Leadr.docx OA MUKTAR